



## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।

[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৫৯৭

তারিখ: ২৯/১১/২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয় : সদস্য সংখ্যা, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের সন্তোষজনক অগ্রগতি অর্জিত না হওয়ায় ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্পের মেয়াদ চলতি অর্থ বছরে (২০১৭/১৮) শেষ হবে এবং জুন/২০১৮ খ্রি: এর মধ্যে আবশ্যিকভাবে প্রকল্পের সকল লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। তদুপরি আপনার উপজেলায় সদস্য সংখ্যা, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি সন্তোষজনক নয়। এভাবে সদস্য সংখ্যা কম থাকা এবং খেলাপীঋণ বৃদ্ধি পাওয়া প্রকল্পের সফল বাস্তবায়নের ক্ষেত্রে হুমকি সনুপ বিধায় নতুন সদস্য ভর্তি করতে হবে এবং বিতরণকৃত ঋণ অবশ্যই নির্ধারিত কিস্তি হিসেবে আদায় করতে হবে এবং কোন ভাবেই খেলাপী করা যাবে না। বর্তমানে আপনার উপজেলায় সদস্য সংখ্যা ১৩৫০ জনের বিপরীতে ১১১৬ জন এবং ৯,৬৭,২৮৬/-টাকা কিস্তি খেলাপী ও ১২,০১,৪৩১/-টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে। এতে প্রতিয়মান হয় যে, আপনি যথাযথভাবে দায়িত্ব পালনে অক্ষম অথবা আপনার অধীনস্তদের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নে ব্যর্থ হয়েছেন।

উক্ত ব্যর্থতার জন্য কেন আপনাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা পত্র জারির ৫(পাঁচ) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে বলা হলো।

(প্রকৌশলী মেহাম্মদ রাশেদুল আলম)

প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

শাহাদাত হোসেন

সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, বিআরডিবি

উপজেলা : বামনা, জেলা : বরগুনা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, জেলা : বরগুনা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা : বামনা, জেলা : বরগুনা।
- ৫। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।